

■ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ৮৪৫

৬/ স্বল্পাত (নামায)

পরিচ্ছেদঃ নামাযে যা নিষিদ্ধ - নামাযে আসমান বা উপরের দিকে তাকানো নিষেধ

আরবী

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ﷺ مَا بَالْ أَقْوَامٍ يَرْفَعُونَ أَبْصَارَهُمْ إِلَى السَّمَاءِ فِي صَلَاتِهِمْ فَأَشْتَدَّ قَوْلُهُ فِي ذَلِكَ حَتَّى قَالَ لَيَنْتَهُنَّ عَنْ ذَلِكَ أَوْ لَتُخْطَفَنَّ أَبْصَارُهُمْ رَوَاهُ الْبَخَارِيُّ

বাংলা

(৮৪৫) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, লোকদের কী হয়েছে যে, তারা নামাযের মধ্যে আকাশের দিকে দৃষ্টি তুলছে? এ ব্যাপারে তিনি কঠোর বক্তব্য রাখলেন; এমনকি তিনি বললেন, তারা যেন অবশ্যই এ কাজ হতে বিরত থাকে; নচেৎ অবশ্যই তাদের দৃষ্টি-শক্তি কেড়ে নেওয়া হবে।

ফুটনোট

(বুখারী ৭৫০, আবু দাউদ ৯১৪, নাসাঈ ১১৯৩, ইবনে মাজাহ ১০৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64593>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন